# গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

Gazipur Palli Bidyut Samity-1

ISO 9001:2015 Certified

সিনিয়র জেনারেল ম্যানেজার এর কার্যালয়
সদর দপ্তর; চান্দনা, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮, E-Mail: gazipbs@yahoo.com
Web Address: www.pbs1.gazipur.gov.bd


স্মারক নং-২৭.১২.৩৩০০.৫৬৯.০১.০৩৮.২৩. ৬৮-৪৭

তারিখঃ ১৯ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ

## "পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর এ রক্ষিত নিম্নেবর্ণিত সংখ্যক পুরাতন ও কনডেম ঘোষিত যানবাহন (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) নিলামে বিক্রয়ের জন্য নিম্নেবর্ণিত শর্ত স্বাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | নিলামতব্য যানবাহনের বিবরণ | পরিমাণ | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানত (টাকা ) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণের সময়সূচী | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১। | জীপগাড়ী (টয়োটা-প্রাডো, জাপান) | ০১টি | =১,০০০/- (এক হাজার টাকা) | দাখিলকৃত দরের ২৫% | ০৬/০৮/২০২৩ খ্রিঃ রোজ রবিবার হতে ১৪/০৮/২০২৩ খ্রিঃ রোজ সোমবার পর্যন্ত | ১৬/০৮/২০২৩ খ্রিঃ রোজ বুধবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত | ১৬/০৮/২০২৩ খ্রিঃ রোজ বুধবার বেলা ১১:০৫ ঘটিকা |
| ০২। | মোটর সাইকেল (হোন্ডা, জাপান) | ০৪টি | | | | | |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী নিলাম দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্নেবর্ণিত (ক্রমিক নং-০২) ঠিকানা সমূহ হতে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করতে ও বর্ণিত ছকের কলাম-৬ এ বর্ণিত সময়সীমার মধ্যে নিলাম দরপত্র দলিল ক্রয় করতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ প্রতিটি নিলাম দরপত্র দলিল ক্রয়ের জন্য যে কোন তফসিলি ব্যাংক হতে বর্ণিত ছকের কলাম-৪ এ উল্লিখিত পরিমাণ টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সংযুক্ত করতঃ সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন করার মাধ্যমে-
(ক) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর; অথবা
(খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা-হতে নিলাম দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। উল্লেখ্য যে, ডাক/কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩। অগ্রহী দরদাতাগণ আগামী ১৬/০৮/২০২৩ খ্রিঃ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র-
(ক) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর; অথবা
(খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়সীমার পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৪। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ আগামী ১৬/০৮/২০২৩ খ্রিঃ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)-
(ক) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর; ও
(খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা-এ খোলা হবে।

০৫। আগ্রহী দরদাতাগণকে দাখিলকৃত নিলাম দরপত্রের সহিত বর্ণিত ছকের কলাম-৫ এ উল্লিখিত নির্ধারিত হারে দরপত্র জামানত (ফেরৎযোগ্য) জমা দিতে হবে।

০৬। দরদাতা কর্তৃক প্রদত্ত দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে **'যানবাহনের নিলাম দরপত্র'** কথাটি অবশ্যই লিখতে হবে।

০৭। আগ্রহী দরদাতাগণকে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে দর প্রদান পূর্বক সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করতে হবে। সাদা কাগজে পূর্ণ ঠিকানা (মোবাইল নাম্বার সহ) লিপিবদ্ধ করতঃ খামে সীলগালা ব্যবহার করতে হবে।

০৮। নিলাম দরদাতাগণকে উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা জামানত (ফেরৎযোগ্য) হিসেবে-গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত জমা দিতে হবে। জামানত হিসেবে দরপত্রের সহিত উল্লিখিত হারে নিরাপত্তা জামানত জমা না দিলে বা দরপত্র অসম্পূর্ণ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৯। আগ্রহী দরদাতাগণ ইচ্ছা করলে নিলাম দরপত্র দাখিলের পূর্বে আগামী ১৪/০৮/২০২৩ খ্রিঃ পর্যন্ত যে কোন দিন অফিস চলাকালীন সময়ে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর-এ নিলামতব্য কনডেম ঘোষিত যানবাহন পরিদর্শন করতে পারবেন।

১০। আগ্রহী দরদাতাগণকে ক্রমিক নং ০১ ও ০২ এ বর্ণিত কনডেম ঘোষিত যানবাহন সমূহের জন্য পৃথকভাবে দর দাখিল করতে হবে। উল্লেখ্য যে, ক্রমিক নং ০২ এ বর্ণিত ০৪ (চার)টি মোটর সাইকেল এর জন্য পৃথকভাবে দর দাখিল করতে হবে। আগ্রহী দরদাতাগণ এক/একাধিক/সকল যানবাহনের জন্য দর দাখিল করতে পারবেন। সর্বোচ্চ দরদাতা নির্বাচনের ক্ষেত্রে সর্বসাকূল্যে মূল্য নয় বরং প্রতিটি ক্রমিকের বিপরীতে (০৪টি মোটর সাইকেল এর ক্ষেত্রে প্রতিটির বিপরীতে) সর্বোচ্চ দাখিলকৃত দর বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট বর্ণিত কনডেম ঘোষিত যানবাহন বিক্রয় করা হবে। আরও উল্লেখ্য যে, বর্ণিত কনডেম ঘোষিত যানবাহন সমূহের ক্ষেত্রে অত্র পবিস কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের কম দর দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না।

১১। নিলাম দরপত্রে কোন ধরণের কাটা-ছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

১২। অত্র নিলাম দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়সীমার কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্তৃপক্ষ বরাবরে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১৩। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং সর্বশেষ সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত দরের উপর ভ্যাট ও উৎসে কর বাবদ প্রযোজ্য অর্থ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে কনডেম ঘোষিত যানবাহন গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সহিত দাখিলকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে এবং কার্যাদেশও বাতিল করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাদের নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

১৪। অত্র পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এতদসংক্রান্ত যে কোন নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য যে, উপর্যুক্ত শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে নিলাম দরপত্র দলিলে বর্ণিত থাকবে।

১৫। উল্লিখিত শর্ত বহির্ভূত কোন জটিলতার সৃষ্টি হলে সেক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

03.08.2023

(মোঃ আবুল বাশার আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**বিতরণঃ (কার্যার্থে)**

০১। ডিজিএম (বোর্ডবাজার জোনাল অফিস), গাজীপুর পবিস-১।
০২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), গাজীপুর পবিস-১।
০৩। সহকারী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, গাজীপুর।
০৪। এজিএম (আইটি), গাজীপুর পবিস-১। (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)
০৫। নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-১।
০৬। অফিস কপি/মাস্টার কপি।

**অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, গাজীপুর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা। (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ বিভাগ, গাজীপুর।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।

03.08.2023

(মোঃ আবুল বাশার আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

03/08/23

NEWAGE

THURSDAY, AUGUST 3, 2023, SHRABAN 19, 1430 BS

## গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

চান্দনা, গাজীপুর।

### "পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর এ রক্ষিত নিম্নেবর্ণিত সংখ্যক যানবাহন (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | নিলামতব্য যানবাহনের বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ০১। | জীপগাড়ী (টয়োটা-প্রাডো, জাপান) | ০১টি |
| ০২। | মোটর সাইকেল (হোন্ডা, জাপান) | ০৪টি |

বর্ণিত দরপত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি পেতে-pbs1.gazipur.gov.bd ও www.reb.gov.bd এই ওয়েবসাইট দুটিতে ভিজিট করতে হবে।

(স্বাক্ষরিত)

(মোঃ আবুল বাশার আজাদ)

সিনিয়র জেনারেল ম্যানেজার

দৈনিক
জনকণ্ঠ
ঢাকা ॥ বৃহস্পতিবার
১৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ



শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

## গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

চান্দনা, গাজীপুর।

ISO 9001:2015 CERTIFIED

মুজিব বর্ষ 100

## "পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর এ রক্ষিত নিম্নেবর্ণিত সংখ্যক যানবাহন (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | নিলামতব্য যানবাহনের বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ০১। | জীপগাড়ী (টয়োটা-প্রাডো, জাপান) | ০১টি |
| ০২। | মোটর সাইকেল (হোন্ডা, জাপান) | ০৪টি |

বর্ণিত দরপত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি পেতে-pbs1.gazipur.gov.bd ও www.reb.gov.bd এই ওয়েবসাইট দুটিতে ভিজিট করতে হবে।

(স্বাক্ষরিত)
(মোঃ আবুল বাশার আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

(৩.৫" X২)